

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮১৫

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

اَلْفَصِلُ الْأُوَّلُ

আরবী

وَعَنْ أَنَسٍ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجَعَ مِنْ غَزْوَةِ تَبُوكَ فَدَنَا مِنَ الْمَدِينَةِ فَقَالَ: «إِنَّ بِالْمَدِينَةِ أَقْوَامًا مَا سِرْتُمْ مَسِيرًا وَلَا قَطَعْتُمْ وَادِيًا إِلَّا كَانُوا مَعَكُمْ». وَفِي وَقَالَ: «إِنَّ بِالْمَدِينَةِ أَقْوَامًا مَا سِرْتُمْ مَسِيرًا وَلَا قَطَعْتُمْ وَادِيًا إِلَّا كَانُوا مَعَكُمْ». وَفِي رُوَايَةٍ: «إِلَّا شَرِكُوكُمْ فِي الْأَجْرِ». قَالُوا: يَا رَسُولَ اللَّهِ وَهُمْ بِالْمَدِينَةِ؟ قَالَ: «وهُم بالمدينةِ حَبسهم الْعذر». رَوَاهُ البُخَارِي

বাংলা

৩৮১৫-[২৯] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাবূক যুদ্ধ হতে ফিরে যখন মদীনার সন্নিকটবর্তী হলেন তখন বললেন, এমন কিছু সংখ্যক লোক মদীনায় রয়ে গেছে। তোমরা সফরে যে সকল ভূমি বা উপত্যকায় যেখানে যেখানে গমন করেছ, তারা সর্ববিস্থায় তোমাদের সঙ্গে ছিল।

অপর বর্ণনায় রয়েছে, তারা তোমাদের সাথে সাওয়াব লাভে শরীক ছিল। উপস্থিত সাহাবীগণ জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! তারা মদীনায় অবস্থান করে আমাদের সাথে কিভাবে শরীক হয়েছে? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, হ্যাঁ, তারা মদীনাতেই অবস্থানরত; তাদের (শারীরিক ও আর্থিক) অসামর্থ্যই (অপারগতা) তোমাদের সাথে যেতে বিরত রেখেছে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: সহীহুল বুখারী ৪৪২৩, ইবনু মাজাহ ২৭৬৪, মুসনাদ আহমাদ ১২০০৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসটিতে কোনো ভালো কাজের জন্য নিয়্যাত করার ফযীলত সম্পর্কে আলোচনা করা হয়েছে। কোনো ব্যক্তি আল্লাহর রাস্তায় জিহাদ বা অন্য কোনো ভালো কাজের নিয়্যাত করার পর কোনো ওযরের কারণে



যদি সে কাজটি না করতে পারে, তারপরও নিয়্যাত অনুসারে সে সাওয়াব পেয়ে যাবে। আর যদি কল্যাণকর কাজটি ছুটে যাওয়ার কারণে বেশী বেশী আফসোস করে এবং যোদ্ধাদের সাথে যাওয়ার ও তাদের মতো লড়াই করার আকাঙ্ক্ষা করে, তাহলে তার সাওয়াব সেই হারে বৃদ্ধি করা হবে। (শারহে মুসলিম ১৩শ খন্ড, হাঃ ১৯১১)

(إِنَّ بِالْمَدِينَةِ أَقْوَامًا) এ বাক্যে বুঝানো হয়েছে, মদীনায় এমন কিছু লোক আছে যারা মনে মনে আল্লাহর রাস্তায় জিহাদের উদ্দেশে বের হওয়ার ইচ্ছা পোষণ করে, কিন্ত প্রয়োজন বা অপারগতা তাদেরকে আটকে রেখেছে, ফলে মুজাহিদগণের সাথে তারা স্বশরীরে অংশগ্রহণ করতে পারছে না।

হাদীসে 'ওয়াদী' তথা উপত্যকার কথা বিশেষভাবে বলার কারণ হলো তা অতিক্রম করা বেশী কষ্টসাধ্য। (মিরকাতুল মাফাতীহ)

'আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ এ হাদীস থেকে প্রতীয়মান হয় যে, যারা সমস্যার কারণে যুদ্ধে যেতে পারছে না, তারাও প্রতিদানের দিক থেকে মুজাহিদদের সাথে অংশীদার হবে। তবে তারা প্রতিদান বা সাওয়াবের পরিমাণের দিক থেকে সমান হবে না। এ কথা বুঝা যায় নিমেণাক্ত কুরআনের আয়াত থেকে : অর্থাৎ- ''অক্ষম নয় এমন বসে-থাকা মু'মিনরা আর জান-মাল দ্বারা আল্লাহর পথে জিহাদকারীগণ সমান নয়; নিজেদের ধন-প্রাণ দ্বারা জিহাদকারীদেরকে বসে-থাকা লোকেদের উপর আল্লাহ মর্যাদা দিয়েছেন। আল্লাহ সকলের জন্যই কল্যাণের ওয়াদা করেছেন এবং মুজাহিদদেরকে বসে-থাকা লোকেদের তুলনায় আল্লাহ মহাপুরস্কার দিয়ে মর্যাদা দান করেছেন।'' (সূরা আন্ নিসা ৪ : ৯৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন